গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়ঃ নৌপরিরহন মন্ত্রণালয়ে গত ০২-০৬-২০২১ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদানের গুরুত্ব বিষয়ে অবহিতকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ : মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী
সচিব
নৌপরিহন মন্ত্রণালয়।
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ : ০২-০৬-২০২১
সময় : বেলা ১১.৩০ ঘটিকা।
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত ও ভার্চুয়াল মাধ্যমে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি পূরণ করা অত্যন্ত গুরুত্বপুর্ণ। এ বিষয়ে তথ্য উপস্থাপনের জন্য তিনি যুগ্মসচিব (প্রশাসন) কে অনুরোধ করেন।

০২। সভাপতি জানান, জাতির পিতা সরকারি কর্মচারীদের উদ্দেশ্যে প্রদত্ত বক্তৃতায় নিজেকে জনগণের সেবক হিসেবে প্রতিষ্ঠিত করার প্রতি আহবান জানিয়েছেন। সে লক্ষ্যে বাস্তবায়নের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পূরণ করার জন্য যথাযথ উদ্যোগ গ্রহণ করতে নৌপরিবহন মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থাকে কার্যকর ভূমিকা পালন করতে হবে।

০৩। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত মন্ত্রণালয়ের কমিটির সভাপতি জনাব এ কে এম শামিমুল হক ছিদ্দিকী, অতিরিক্ত সচিব (সংস্থা-১) বলেন যে, নৌপরিবহন মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার প্রত্যেকের নিজ নিজ সেবা প্রদান প্রতিশ্রুতি রয়েছে। প্রতিশ্রুত সেবা যথাসময়ে বাস্তবায়নের জন্য সকল সংস্থার নিজস্ব কমিটি রয়েছে। এ সকল কমিটির কার্যক্রম মনিটরিং করার প্রতি তিনি গুরুত্ব আরোপ করেন। সভায় আলোচ্যসূচী অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য তিনি ড. আ.ন.ম বজলুর রশীদ, যুগ্মসচিব (প্রশাসন) ও সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কমিটি-কে অনুরোধ করেন।

০৪। কমিটির সদস্য সচিব জানান, সেবা প্রদানের গুরুত্ব সম্পর্কে অবহিত থাকা সেবা প্রদানের অন্যতম শর্ত। তিনি এ বিষয়ে ইতোপূর্বে জারিকৃত নীতিমালাসহ পরিপত্রসমূহ উপস্থাপন করেন। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	সকল দপ্তর/সংস্থা
১	সেবা প্রদানের গুরুত্ব সম্পর্কে অবহিতকরণ সভা	সকল দপ্তর/সংস্থার নিজস্ব সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কে অবহিতকরণ সভা আয়োজন করবে।	সকল দপ্তর/সংস্থা

২.	প্রশিক্ষণ	সকল দপ্তর/সংস্থাসমূহ নিজস্ব প্রদত্ত সেবা প্রদানের পদ্ধতি সম্পর্কে জনবলকে প্রশিক্ষণ প্রদান করবে।	দপ্তর/সংস্থাসমূহ

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদন জানিয়ে সভার কাজ শেষ করেন।

স্বাঃ/-
তারিখঃ ০৯/০৬/২০২১
(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সচিব

নম্বর-১৮.০০.০০০০.০১৬.০৩১.০০৫.২০২১- ২৫৬

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৮
১৩ জুন, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন/চবক/মোবক/পাবক/বাস্থবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/বন্দর/সংস্থা-১/সংস্থা-২) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৫। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম/বরিশাল/রংপুর/সিলেট/পাবনা।
৭। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।
১০। সিনিয়র সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।
১৩। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১৪। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫। সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩/০৬/২১

(মোঃ আলমগীর কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৫৫৫১
sas.admin1@mos.gov.bd